



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester [Special] Examination, 2022

DSE1/2-P1-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains DSE-1A and DSE-1B
The candidates are required to answer any one from the two courses.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-1A

উপন্যাস

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩ × ৪ = ১২
- (ক) সামাজিক উপন্যাস বলতে কী বোঝায়? এই শ্রেণীর উপন্যাসের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (খ) বঙ্কিমচন্দ্রের ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে উইলটি কতবার পরিবর্তন হয়েছিল? প্রথম ও শেষবারের উইল পরিবর্তনে কে, কত ভাগ সম্পত্তি পেয়েছিল?
- (গ) বহুবিবাহ ও পণপ্রথার প্রভাব পড়েছে এমন তিনটি উপন্যাসের নাম লেখো।
- (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ কোন্ উপন্যাসে রাজনৈতিক আন্দোলনের প্রভাব লক্ষ্য করা যায়? রাজনৈতিক আন্দোলনগুলির নাম উল্লেখ করো।
- (ঙ) শরৎচন্দ্রের ‘দেনাপাওনা’ উপন্যাসটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই উপন্যাসে জমিদারের নাম কী? তিনি কোথাকার জমিদার ছিলেন?
- (চ) ভৈরবী কে ছিলেন? তাঁর প্রকৃত নাম কী? তিনি কোথায় সেবিকার কাজে নিযুক্ত ছিলেন?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬ × ৪ = ২৪
- (ক) ঊনবিংশ শতাব্দীর জাতীয়তাবাদী আন্দোলনের ধারায় বঙ্কিমচন্দ্রের উপন্যাস কতটা প্রভাব বিস্তার করেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (খ) বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের প্রেক্ষিতে লেখা বাংলা উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের ভ্রমর চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসের অপ্রধান চরিত্রগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসটিকে তুমি কোন্ শ্রেণীর উপন্যাস বলে মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।
- (চ) ‘দেনাপাওনা’ উপন্যাসে উপকাহিনীর উপযোগিতা সংক্ষেপে আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২ × ২ = ২৪
- (ক) বাংলা উপন্যাসে দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা কীভাবে উঠে এসেছে — তা আলোচনা করো।

- (খ) ঊনবিংশ শতাব্দীর বিভিন্ন সামাজিক আন্দোলন বাংলা উপন্যাসের পট পরিবর্তনে কতখানি প্রভাব ফেলেছে — আলোচনা করে দেখাও।
- (গ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসের জীবানন্দ চরিত্রটির বিশেষত্ব নিরূপণ করো।

অথবা
DSE-1B
ছোটগল্প
বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩ × ৪ = ১২
- (ক) প্রথম বাংলা সার্থক ছোটগল্প কোনটি? গল্পটির প্রকাশকাল সহ রচয়িতার নাম করো।
- (খ) বাংলা সাহিত্যে কল্লোল গোষ্ঠীর তিনজন লেখকের নাম এবং তাঁদের একটি করে ছোটগল্পের নাম লেখো।
- (গ) ‘স্ত্রীর পত্র’ গল্পের স্ত্রীর নাম কী? তার কত বছরের বিবাহিত জীবনের পরিচয় পাওয়া যায় এখানে? বাড়ীর কত নম্বরের বৌ ছিল সে?
- (ঘ) ‘মহেশ’ গল্পটি কোন্ সময়ের প্রেক্ষাপটে রচিত? ‘মহেশ’ নামটি কার? এই গল্পের জমিদারের নাম কী?
- (ঙ) ‘জলসাঘর’ গল্পে রায় বাড়িতে আস্তাবলের সংখ্যা কত? তাদের ঘোড়ার নাম ও বয়স কত ছিল?
- (চ) মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘দুঃশাসনীয়’ গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই গল্পের প্রেক্ষাপট কী?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬ × ৪ = ২৪
- (ক) ছোটগল্পের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) বাংলা ছোটগল্পে পঞ্চাশের মন্বন্তরের চিত্র কীভাবে ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (গ) ‘জলসাঘর’ গল্পের মহিম চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) ‘মহেশ’ গল্পের গফুর চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঙ) পরশুরামের ‘তৃতীয় দ্যুতসভা’ — গল্পের মূল বিষয় সংক্ষেপে আলোচনা করো।
- (চ) ‘স্ত্রীর পত্র’ গল্পে বিন্দুর উপস্থিতি কীভাবে গল্পের মূল বিষয়কে প্রভাবিত করেছে তা লেখো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২ × ২ = ২৪
- (ক) ছোটগল্পের সংজ্ঞা নিরূপণ করো। ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে তোমার পঠিত যে-কোনো একটি গল্পের শিল্প সার্থকতা বিচার করো।
- (খ) ‘মহেশ’ গল্পে জমিদারী শোষণ ও বঞ্চনার যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (গ) মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘দুঃশাসনীয়’ গল্পে বস্ত্রসংকটের চিত্র কাহিনীর প্রেক্ষাপটে আলোচনা করে দেখাও।
- (ঘ) ‘তৃতীয় দ্যুতসভা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

—x—